

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নম্বর-৩৫৫-আইন/২০২১।—বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৪ নং আইন) এর ধারা ৩৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ১৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১৫। এককালীন অনুদান প্রদান।—কোন সদস্য অন্যান্য ১০ (দশ) বৎসর তহবিলে নিয়মিতভাবে চাঁদা প্রদান করিলে তাহার দায়-দেনা সমন্বয় বা কর্তন সাপেক্ষে তহবিল হইতে এককালীন নিম্নরূপ পরিমাণ অনুদান প্রদান করা যাইবে, যথা :—

(ক) চাকুরীর মেয়াদ শেষে অবসর গ্রহণের পর অথবা চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা; এবং

(১৮২৭৫)
মূল্য : টাকা ৪.০০

(খ) শারীরিক অক্ষমতাজনিত কারণে স্বৈচ্ছায় চাকুরী ত্যাগ বা স্বৈচ্ছায় অবসর গ্রহণ করিলে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা:

তবে শর্ত থাকে যে, শারীরিক অক্ষমতাজনিত কারণ ব্যতীত অন্য কোনো কারণে স্বৈচ্ছায় চাকুরী ত্যাগ বা স্বৈচ্ছায় অবসর গ্রহণ করিলে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবুল হাসান
উপসচিব।